গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৪২, এম.এম. আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম
ওয়েবসাইট ঃ www.cbcctg.gov.bd

নথি নং- ৫(১৩)কাবক/চট্টঃ/বন্ড(পোঃ)/লাইঃ/৬৫/২০১৬/ তারিখ- /০৭/২০১৭ খ্রিঃ

# স্থায়ী আদেশ

বিষয় ঃ সুপারভাইজড বন্ডেড ওয়্যারহাউস পদ্ধতির আওতায় তৈরী পোশাকের মান নিয়ন্ত্রণ কেন্দ্র পরিচালনা ক্ষেত্রে পরিপালনীয় শর্তাবলী।

জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-২(১)শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০১০(অংশ-১)/৩৬৫, তাং-০৫/০৪/১৫ খ্রিঃ এর অনুমোদনক্রমে মেসার্স ইস্পাহানি সামিট অ্যালাইয়্যান্স টার্মিনাল লিমিটেড নামীয় তৈরী পোশাকের মান নিয়ন্ত্রণ কেন্দ্র নিম্নরূপ শর্তাধীনে পরিচালিত হবে, যথা ঃ-

## শর্তসমূহ

ক) প্রতিষ্ঠানটিকে বন্ডেড ওয়্যারহাউস পরিচালনার জন্য জাতীয় রাজস্ব এর পত্র নথি নং-২(১৩)শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০৬/৩৫২, তাং-১৮/০৮/২০১৩, পত্র নথি নং-৩(১) শুল্কঃ রপ্তানি ও বন্ড/৯৬/২১৮, তাং-০৬/০৭/২০০৬, পত্র নথি নং-৩(১)শুল্কঃ রপ্তানি ও বন্ড/৯৬, তাং-৩০/০৩/১৯৯৮ এর আদেশসমূহের পাশাপাশি বিদ্যমান আইন, বিধি এবং কমিশনার নির্ধারিত ও লাইসেন্সে প্রদত্ত যাবতীয় শর্তাবলী পালন করতে হবে;

খ) স্পেশাল বন্ডেড ওয়্যারহাউস ও মান নিয়ন্ত্রণ কেন্দ্রের সমুদয় কার্যক্রম যথা তৈরী পোশাকের শুল্ক পরিশোধ ব্যতিরেকে গুদামজাতকরণ, পরীক্ষা, যাচাই, খালাস, রপ্তানি এবং জাহাজীকরণ The Customs Act, 1969 এর একাদশ চ্যাপ্টার এবং সেকশন ১৩ এর শর্ত ও বিধানুযায়ী পরিচালিত হবে। স্পেশাল বন্ডেড ওয়্যারহাউস ও মান নিয়ন্ত্রণ কেন্দ্র পরিচালনাকারী বন্ডার (পণ্য ওয়্যার হাউসে-এ থাকাকালীন) সমস্ত মালামাল ও শুল্ক করের দায়-দায়িত্ব বহন করবে;

গ) স্পেশাল বন্ডেড ওয়্যারহাউস ও মান নিয়ন্ত্রন কেন্দ্রে সম্পূর্ণ প্রস্তুতকৃত রপ্তানিতব্য পোশাক ব্যতীত অন্যকোন কাঁচামাল বা অর্ধপ্রস্তুতকৃত পোশাক ইন্টু বন্ড বা অন্যকোন প্রকার ও পদ্ধতিতে সংরক্ষণ করা যাবে না। যে সময়/মেয়াদের জন্য পণ্য তার গুদামে থাকবে প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে সেই সময়ের জন্য একজন প্রাইভেট বন্ডেড ওয়্যারহাউস কর্তৃপক্ষ হিসাবে সরকারের সকল আইন ও বিধান মেনে চলতে হবে;

ঘ) সুপারভাইজড বন্ডেড ওয়্যারহাউস এর মাধ্যমে পোশাকের মান নিয়ন্ত্রণ কেন্দ্র পরিচালনা করতে হবে। সুপারভাইজড পদ্ধতিতে যাবতীয় কার্যক্রম পরিচালনার জন্য শুল্ক কর্মকর্তা পদস্থ হবার পর ওয়্যারহাউসের দায়িত্ব গ্রহণ করা সাপেক্ষে আলোচ্য বন্ডেড প্রতিষ্ঠানের কার্যক্রম চালু করতে হবে। তৈরী পোশাকের মান নিয়ন্ত্রণ কেন্দ্র সুপারভাইজড পদ্ধতিতে সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে কাস্টমস বন্ড কমিশনরেটের নূন্যতম সহকারী রাজস্ব কর্মকর্তা পদ মর্যাদার একজন কর্মকর্তা ও একজন সিপাই পদস্থ করতে হবে। তারা সার্বক্ষণিকভাবে উক্ত প্রতিষ্ঠানের দায়িত্ব পালন করবেন;

ঙ) কর্তব্যরত অফিসারের অফিস কক্ষে প্রয়োজনীয় সুযোগ সুবিধা ও সার্বিক নিরাপত্তামূলক ব্যবস্থা নিশ্চিত করতে বন্ডার বাধ্য থাকবেন। সরকারি নিয়ম অনুযায়ী কর্মরত বন্ড অফিসার ও সিপাহীর ওভার-টাইম ও যাবতীয় সুযোগ সুবিধা প্রাপ্য হবেন। এ বিষয়ে কাস্টমস বন্ড কমিশনারেটের আদেশ ও নীতিমালা প্রযোজ্য হবে;

চ) বন্ড অফিসার তার প্রাত্যহিক কার্যক্রম সম্পর্কে পরের দিন সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তার কাছে সবিস্তারে প্রতিবেদন দেবেন। উক্ত শাখায় দায়িত্বপ্রাপ্ত ডেপুটি কমিশনার/সহকারী কমিশনার তার অধীনস্থ বন্ড অফিসার ও রাজস্ব কর্মকর্তার কার্যাবলীসহ সার্বিক কার্যক্রম তদারকি করবেন এবং তিনি নিয়মিত মান নিয়ন্ত্রন কেন্দ্র পরিদর্শন করবেন;

ছ) বন্ডেড প্রতিষ্ঠান ও মান নিয়ন্ত্রন কেন্দ্রের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্যে তৈরী পোশাক আগমন ও নির্গমন পরিশিষ্ট-ক এ বর্ণিত রেজিষ্টারের মাধ্যমে পরিচালিত হবে। এতে মালামালের ক্রমিক নং, প্রবেশের সময়, তারিখ ও নির্গমন, ক্রেতার নাম, রপ্তনি ঋণপত্র নম্বর, সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম, ইউডি নম্বর উল্লেখপূর্বক চালানে (ইনভয়েস) সংশ্লিষ্ট দলিলাদি পরীক্ষা করে দায়িত্ব প্রাপ্ত বন্ড অফিসার উক্ত রেজিস্টারে লিপিবদ্ধ করে তারিখসহ স্বাক্ষর প্রদান করবেন এবং বন্ডেড প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অপর একটি কলামে তারিখসহ স্বাক্ষর করবেন;

জ) পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানির উদ্দেশ্যে স্পেশাল বন্ডেড ওয়্যারহাউস ও মান নিয়ন্ত্রণ কেন্দ্রে প্রেরিত তৈরী পোশাকের মাস্টার এলসি নম্বর ও তারিখ ইউডি নম্বর ব্যাক টু ব্যাক এলসি নম্বর ও তারিখ, পণ্যের বিবরণ, পরিমাণ, আগমনের সময়, তারিখ, ক্রমিক নম্বর ও নির্গমনের সময় তারিখ, মন্তব্য ইত্যাদি সম্বলিত ফরমে পরিশষ্ট-খ মোতাবেক বিস্তারিত বিবরণী প্রস্তুত করবে। ফরমে রপ্তানিকারী প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এবং শুল্ক কর্তৃপক্ষ উভয় পক্ষ পৃথক কলামে স্বাক্ষর সম্বলিত ফরমের একটি বন্ডার, এক কপি বন্ড অফিসার (সহকারী রাজস্ব কর্মকর্তা) ও এক কপি মান নিয়ন্ত্রণ প্রতিষ্ঠান সংরক্ষণ করবেন;

ঝ) পণ্য নির্গমনের পর রপ্তানির উদ্দেশ্যে সরাসরি বন্দরে পাঠাতে হবে এবং রপ্তানি বন্দর পর্যন্ত বর্ণিত তথ্যের সাথে সংগতিপূর্ণ পরিশিষ্ট-গ মোতাবেক চালানপত্র (ইনভয়েস) মান নিয়ন্ত্রণ প্রতিষ্ঠান ইস্যু করবে। বন্ডেড ওয়্যারহাউস ও মান নিয়ন্ত্রণ কেন্দ্রে সংশ্লিষ্ট প্রতিটি রপ্তানিকারকের (গার্মেন্টস প্রতিষ্ঠান) নামে উক্ত কেন্দ্রে (জাতীয় রাজস্ব বোর্ড নির্দেশিত) পরিশিষ্ট-ক মোতাবেক আগমন ও নির্গমন রেজিষ্টার সংরক্ষণ করতে হবে। উক্ত রেজিস্টারে বন্ডারের (পোশাক শিল্প প্রতিষ্ঠানের) প্রতিনিধি, মান নিয়ন্ত্রণ কেন্দ্রের প্রতিনিধি ও বন্ড অফিসারের প্রতি কলামে স্বাক্ষর করবে;

ঞ) পরীক্ষণ ও পরিদর্শনের উদ্দেশ্যে মালামাল বন্ডেড ওয়্যারহাউস ও মান নিয়ন্ত্রণ কেন্দ্রে নেয়া থেকে শুরু করে কার্যক্রম শেষে মালামাল বের হবার পর রপ্তানির উদ্দেশ্যে জাহাজীকরণ পর্যন্ত সকল পর্যায়ে মালামালের সম্পূর্ণ দায় দায়িত্ব সংশ্লিষ্ট রপ্তানিকারকগণ (প্রস্তুতকারী পোশাক শিল্প প্রতিষ্ঠান) বহন করবে;

ট) স্পেশাল বন্ডেড ওয়্যারহাউসে ও মান নিয়ন্ত্রণ কেন্দ্রে কোন ধরণের অনিয়ম পরিলক্ষিত হলে অথবা রপ্তানিকারক (প্রস্তুতকারী) কর্তৃক কোন ধরণের অভিযোগ উত্থাপিত হলে বা কোনরূপ নিরাপত্তা বিঘ্নিত হলে তাহার জন্য বন্ডার (মান নিয়ন্ত্রণ কেন্দ্রের কর্তৃপক্ষ) দায়ী থাকবে;

ঠ) ১লা জানুয়ারী হতে ৩০শে জুন এবং ১লা জুলাই থেকে ৩১ শে ডিসেম্বর মেয়াদ হিসাবে বছরে ২ বার মান নিয়ন্ত্রণ প্রতিষ্ঠানে রক্ষিত ও সংশ্লিষ্ট বন্ড অফিসারের নিকট রক্ষিত রেজিস্টারসমূহের সাথে শুল্কায়ন গ্রুপে রক্ষিত পাশবই (কাস্টমস কপি) মিলিয়ে দেখে প্রতিটি প্রতিষ্ঠানের সাময়িক রপ্তানি বিবরণী প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা উর্ধতন কর্তৃপক্ষ বরাবর পেশ করবেন। মান নিয়ন্ত্রণ কেন্দ্র হতে নির্গমন হওয়া মালামাল যথারীতি ও যথাসময়ে রপ্তানি নিশ্চিত না হলে তা উক্ত প্রতিবেদনে মতামতসহ তাৎক্ষণিকভাবে উপস্থাপন করতে হবে;

ড) বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ১(এক) মাস পূর্বে সংস্থাপন ফি ও এর ভ্যাট এবং লাইসেন্স নবায়ন ফি ও এর ভ্যাট ট্রেজারী চালানের মাধ্যমে নির্ধারিত খাতে জমা প্রদান পূর্বক ট্রেজারী চালানের মূল কপিসহ বিগত মেয়াদ নিরীক্ষা পরবর্তী মেয়াদে লাইসেন্স নবায়নের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবরে লিখিত আবেদন করতে হবে;

ঢ) ওয়্যারহাউজিং এবং পণ্যের মাননিয়ন্ত্রণের জন্য বৈদেশিক মুদ্রায় চার্জ/ফি নির্ধারণ করতে হবে এবং নির্ধারিত ফি/চার্জ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সে অনুমোদিত লিয়েন ব্যাংকের মাধ্যমে লেনদেন সম্পন্ন করতে হবে। প্রতিমাসে ব্যাংকিং চ্যানেলে পরিশোধিত চার্জ/ফি এর বিবরণী বন্ড কমিশনারেটে দাখিল করতে হবে;

ণ) প্রতিমাসের ১ থেকে ৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসে কী পরিমাণ পণ্য মান নিয়ন্ত্রণের জন্য বন্ডেড ওয়্যারহাউসে ইন বন্ড করা হয়েছে এবং কী পরিমাণ পণ্য মান নিয়ন্ত্রণ সম্পন্ন হওয়ার পর আউট বন্ড করা হয়েছে তার একটি বিবরণী কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম বরাবরে দাখিল করতে হবে;

ত) কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম কর্তৃক প্রয়োজনে সময়ে সময়ে আদেশে উল্লিখিত শর্তাবলীর সংশোধন, পরিবর্ধন, বিয়োজন ও সংযোজন করতে পারবে।

০২। তৈরী পোশাকের মান নিয়ন্ত্রণ কেন্দ্র পরিচালনার ক্ষেত্রে উপরোক্ত শর্তসমূহ পরিপালন করতে হবে। অন্যথায় শর্তসমূহের কোনো ব্যত্যয় ঘটলে বিদ্যমান বিধিবিধান মোতাবেক আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

## পরিশিষ্ট-ক

### তৈরী পোশাকের মান নিয়ন্ত্রণ কেন্দ্রের পরিপালনীয় বন্ড রেজিষ্টার ঃ-

| প্রবেশ | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | রপ্তানিকারকের নাম ও ঠিকানা | ক্রেতা (বায়ার) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | মাস্টার এলসি নম্বর, তারিখ ও মূল্য | ইউডি নম্বর ও তারিখ | ব্যাক টু ব্যাক এলসি নম্বর, তারিখ ও মূল্য | আগত পণ্যের বিবরণ | পরিমাণ | মান নিয়ন্ত্রণ কেন্দ্রের প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ | রপ্তানিকারকের প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ | সহকারী রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

| বাহির | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | আউটবন্ডকৃত পণ্যের বিবরণ | আউটবন্ডকৃত পণ্যের পরিমাণ | অবশিষ্ট পণ্যের পরিমাণ | চালান নম্বর | মান নিয়ন্ত্রণ কেন্দ্রের প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ | রপ্তানিকারকের প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ | সহকারী রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |
| | | | | | | | |

## পরিশিষ্ট-খ

### আগমন নির্গমন ফরম

রপ্তানিকারক কপি/ বন্ড অফিসার কপি/ অফিস কপি

মান নিয়ন্ত্রণ কেন্দ্রের নাম

ঠিকানা

মূসক নিবন্ধন নং-

রপ্তানিকারকের নাম ঃ

ঠিকানা ঃ

মূসক নিবন্ধন নং ঃ

ক্রেতা (বায়ার) প্রতিষ্ঠান নাম ঃ

ঠিকানা ঃ

ফরম নং-

ইস্যুর তাং-

সময়

| ক্রঃ নং | মাস্টার এলসি নং, তারিখ ও মূল্য | ইউডি নং ও তারিখ | ব্যাক টু ব্যাক এলসি নং, তারিখ ও মূল্য | পণ্যের বিবরণ | পরিমাণ | আগমণের তারিখ ও সময় | বহির্গমন চালানের ক্রঃ নং | পণ্যের পরিমাণ | নির্গমণের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

| রপ্তানিকারকের প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ | মান নিয়ন্ত্রণ কেন্দ্রের প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ | বন্ড কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|

পরিশিষ্ট-গ

রপ্তানিকারক কপি/ বন্ড অফিসার কপি/ অফিস কপি

চালানপত্র (ইনভয়েস)
মান নিয়ন্ত্রণ কেন্দ্রের নাম
ঠিকানা
মূসক নিবন্ধন নং-

রপ্তানিকারকের নাম ঃ
ঠিকানা ঃ
মূসক নিবন্ধন নং ঃ
ক্রেতা (বায়ার) প্রতিষ্ঠানের নাম ঃ
ঠিকানা ঃ

ইনভয়েস নং-
ইস্যুর তাং-
সময়

| ক্রঃ নং | মাস্টার এলসি নং, তারিখ ও মূল্য | ইউডি নং ও তারিখ | পণ্যের বিবরণ | পরিমাণ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | |
| | | | | |

| রপ্তানিকারকের প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ | মান নিয়ন্ত্রণ কেন্দ্রের প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ | বন্ড কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|

স্বাঃ/-
(মুহাম্মদ মুবিনুল কবীর)
কমিশনার (চঃ দাঃ)
ফোন- ০৩১-২৮৬৩২৫৩
ই-মেইলঃ cbcctg@yahoo.com

নথি নং- ৫(১৩)কাবক/চট্টঃ/বন্ড(পোঃ)/লাইঃ/৬৫/২০১৬/ ৪০২১(২৫) তারিখঃ ২৯ /০৮/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ-

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা।
২। সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
৪-৯। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ বেনাপোল/ আইসিডি, কমলাপুর/ পানগাঁও/ মংলা।
১০। মহা-পরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত পরিদপ্তর, আইডিইবি ভবন (১০ম তলা), ১৬০/এ, কাকরাইল ভিআইপি সড়ক, ঢাকা।
১১-২১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/ রাজশাহী/ যশোর/ খুলনা/ চট্টগ্রাম/ সিলেট/ রংপুর/ কুমিল্লা।
২২। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যার্পণ পরিদপ্তর, চট্টগ্রাম সমিতি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), ৩২ তোপখানা রোড, ঢাকা।
২৩। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
২৪। দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২৫। সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম
২৬। সভাপতি বিজিএমইএ, বিজিএমই কমপ্লেক্স, ২৩/১, পান্থপথ লিংক রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
২৭। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলা মটর, ঢাকা।
২৮। ১ম-সহ সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ ভবন (৪র্থ ও ৫ম), ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।
২৯। ১ম-সহ সভাপতি, বিকেএমইএ, চেম্বার হাউস (৫ম তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম
৩০। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ইস্পাহানি সামিট অ্যালাইয়্যান্স টারমিনাল লিমিটেড, ইস্পাহানী বিল্ডিং, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম
৩১। ব্যবস্থাপক, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, শেখ মুজিব রোড শাখা, ৩০৪ শেখ মুজিব রোড, চট্টগ্রাম।
৩২-৩৩। গার্ড ফাইল/অফিস কপি।

২৯/০৮/১৭
(নিপুণ চাকমা)
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে